দৈনিক বাংলা

তারিখ 14 APR 1993
পৃষ্ঠা ৭ কলাম ৫

# সন্ত্রাস ছাত্রদের যোগ্য নাগরিক হওয়ার পথে বাধা ঃ তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ব্যারিষ্টার নাজমুল হুদা শিক্ষা প্রতিষ্ঠান থেকে সন্ত্রাস দূর করে সুষ্ঠু ও স্বাভাবিকভাবে শিক্ষা জীবন শেষ করে কর্মজীবনে প্রবেশের মাধ্যমে দেশের যোগ্য নাগরিক হিসাবে গড়ে ওঠার জন্য ছাত্রদের প্রতি আহবান জানিয়েছেন।

তথ্যমন্ত্রী মঙ্গলবার ঢাকা মেডিকেল কলেজ কেন্দ্রীয় ছাত্র সংসদের (ঢামেকুস) উদ্যোগে কলেজ মিলনায়তনে আয়োজিত আন্তঃক্রীড়া '৯৩ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ আহবান জানান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জাতীয় সংসদের বিরোধী দলীয় সদস্য কাজী

(আটের পাতায় ৩-এর কঃ দ্রঃ)

## তথ্যমন্ত্রী

(প্রথম পাতার পর)

কেরামত আলী, ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষ জহিরুল মৌলা চৌধুরী, অধ্যাপিকা নাজমুন্নাহার, কলেজ ছাত্র সংসদের ভিপি মোঃ সায়েফউল্লাহ এবং সাধারণ সম্পাদক মোঃ ইব্রাহিম চৌধুরী বক্তব্য রাখেন।

তথ্যমন্ত্রী সকলকে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বলেন, ''আমাদের নেতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান খেলাধূলার ব্যাপক বিস্তারে বিশ্বাস করতেন এবং এ জন্য স্বাস্থ্যকে মানুষের একটি মৌলিক চাহিদা হিসেবে চিহ্নিত করেছিলেন। শহীদ জিয়া বিশ্বাস করতেন একজন সুনাগরিক হিসেবে গড়ে তুলতে হলে ব্যক্তি বিশেষের ধ্যান-ধারণা, চিন্তা-চেতনার স্বাভাবিক বিকাশ ঘটাতে হবে এবং এটা সম্ভব করতে হলে চাই শারীরিক সুস্থতা ও মানসিক প্রশান্তি যেটা কোন অবস্থাতেই সম্ভব নয় একজন মানুষ যদি সুস্বাস্থ্যের অধিকারী না হয়।'' আর এই সুস্বাস্থ্যের জন্য প্রয়োজন হয় খেলাধূলার।

তথ্যমন্ত্রী ১৪০০ সাল সকলের জন্য মঙ্গল বয়ে আনুক এই আশাবাদ ব্যক্ত করে বলেন, সমাজ থেকে হিংসা, বিদ্বেষ, সন্ত্রাস এবং হানাহানি দূর করে আমাদেরকে একটি সুন্দর সমাজ গড়তে হবে। এটাই হোক আমাদের আগামী শতাব্দীর অঙ্গীকার। তিনি বলেন, সুস্থ শরীর ও প্রশান্ত মনমানসিকতা গড়ে তুলতে লেখাপড়ার পাশাপাশি খেলাধূলা করা প্রয়োজন। তবে, সন্ত্রাস যখন খেলাধূলায় পরিণত হয় তখনই ঘটে বিপত্তি। যা ছাত্রদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে ওঠার অন্তরায়। মনমানসিকতার পরিবর্তন ঘটিয়ে সুনাগরিক হিসাবে গড়ে উঠতে পড়াশুনাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। এটাই হোক ছাত্রদের আজকের অঙ্গীকার।

তথ্যমন্ত্রী বলেন, দেশকে সামনে এগিয়ে নিয়ে যেতে হবে। সেশন জটের কারণে ইতিমধ্যেই ছাত্রদের অনেক মূল্যবান শিক্ষা জীবন নষ্ট হয়েছে। এর প্রভাবে জেনারেশন গ্যাপের সৃষ্টি হচ্ছে যা জাতীয় জীবনকে ক্ষতিগ্রস্ত করছে বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন, বিশ্বে বাংলাদেশী ডাক্তারদের প্রচুর চাহিদা রয়েছে। এ জন্য পেশার আরো উন্নতি ঘটাতে হবে। ছাত্রদের বিভিন্ন দাবী-দাওয়ার প্রশ্নে তথ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সরকার জনগণের আস্থা নিয়ে নির্বাচিত হয়ে সরকার গঠন করেছে। সুতরাং বর্তমান গণতান্ত্রিক সরকার জনগণের কল্যাণে সম্ভব সবকিছু করবে।

তথ্যমন্ত্রী ঢাকা মেডিকেল কলেজ কেন্দ্রীয় ছাত্রসংসদের বার্ষিক আন্তঃক্রীড়া অনুষ্ঠানে শ্রেষ্ঠ প্রতিযোগিতার পুরস্কার হিসাবে প্রতি বছর তাঁর নিজস্ব উদ্যোগে ''বেস্ট এওয়ার্ড'' প্রদানের কথা ঘোষণা করেন।

পরে তথ্যমন্ত্রী আন্তঃক্রীড়া '৯৩-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। খবর তথ্য বিবরণীর।